# 39th ODA Loan Package Signed between the Government of Bangladesh and Japan

Japan is the signal largest bilateral development partner of Bangladesh. Since independence Japan has been providing financial support amounting approximately 16.5 billion US$ in different sectors which contributed significantly in the socio-economic development of Bangladesh.

The Exchange of Notes and 39th ODA Loan Agreement for the six projects were signed on 14 June 2018 between the governments of Bangladesh and Japan. The Government of Japan will provide an amount of 200,371 million Japanese Yen (approximately Taka 15,326 crore/USD 1,831 million) under the 39th Official Development Assistance (ODA) Loan Package for six projects. Mr. Kazi Shofiqul Azam, Secretary, Economic Relations Division, Ministry of Finance signed the Exchange of Notes with H.E. Mr. Hiroyasu Izumi, Ambassador of Japan to Bangladesh and the Loan Agreements with Mr. Takatoshi Nishikata, Chief Representative, Japan International Cooperation Agency (JICA) Bangladesh Office.

Brief descriptions of six projects are as follows:

(1) Matarbari Port Development Project (E/S): Objective of the project is to construct a new commercial port at Matarbari area of Cox's Bazar district. Total cost of this engineering service project is 3,511 million JPY. JICA will provide 2,655 JPY, which is 75% of total project cost.

(2) Jamuna Railway Bridge Construction Project (I): Objective of the project is to construct a dedicated railway bridge over the river Jamuna in parallel to the existing Bangabandhu Bridge. Implementation period of the project is up to December 2022. The total project cost is Tk. 9,734.07 crore. JICA will provide Tk. 7,724.33 crore, which is 79% of the total project cost.

(3) Dhaka Mass Rapid Transit Development Project (Line 5) (E/S): Objective of the project is to alleviate traffic congestion and mitigate air pollution in Dhaka city by constructing 20 km mass rapid transit system in MRT line-5 route i.e. Hemayetpur-Aminbazar-Gabtoli-Mirpur 1- Mirpur 10-Kochukhet-Cantonment-Banani-Gulshan 2-Notun Bazar-Vatara by 2030. Total cost of this engineering services project is 9,499 million JPY. JICA will provide 7,358 million JPY, which is 77% of total project cost.

(4) Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) (III): Objective of the project is to construct 20.10 km metro rail in the MRT Line-6 route i.e. Uttara-Pallabi-Mirpur 10-Khamar Bari-Farmgate-Hotel Sonargaon-Shahbag-Doel Chattar-Topkhana Road-Bangladesh Bank. Implementation Period of the project is up to June 2024. The total project cost is Tk. 21,985.07 crore. JICA will provide Tk. 16,594.59 crore, which is 75% of the total project cost.

(5) Matarbari Ultra Super Critical Coal-Fired Power Project (IV): Objective of the project is to meet growing electricity demand and to improve stable power supply by installing 1200 MW Ultra Super Critical Coal-Fired Power Plant at Matarbari Area of Maheshkhali Upazila under Cox's Bazar district. Implementation period of the project is up to June 2024. The total project cost is Tk. 35,984.46 crore. JICA will provide Tk. 28,939.03 crore, which is 80% of the total project cost.

(6) Health Services Strengthening Project: Objective of the project is to establish a system for strengthening non-communicable diseases control and the access to health services by/through urban poor population in Dhaka and improving the quality of health services at primary and secondary level health facilities in all divisions. JICA will provide 6,559 million JPY.

Dr. Sahida Akter
Economic Minister
Embassy of Bangladesh
Tokyo

## বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে ৩৯তম ওডিএ ঋণচুক্তি স্বাক্ষর

দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের সবচেয়ে বড় উন্নয়ন সহযোগী দেশ। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত জাপান সরকার বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বিভিন্ন সেক্টরে প্রায় ১৬.৫ বিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদান করেছে। বাংলাদেশ সরকার এবং জাপান সরকারের মধ্যে এ যাবতকালের সর্ববৃহৎ ৩৯তম ওডিএ লোন প্যাকেজের অন্তর্ভুক্ত ৬টি প্রকল্পের জন্য ২০০,৩৭১ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১৫,৩২৬ কোটি টাকা/১,৮৩১ মিলিয়ন মার্কিন ডলার) সম্বলিত বিনিময় নোট ও ঋণচুক্তি গত ১৪ জুন ২০১৮ তারিখে স্বাক্ষরিত হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr Hiroyasu Izumi- এর সাথে বিনিময় নোট এবং বাংলাদেশস্থ জাইকা অফিসের চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. Takatoshi Nishikata-এর সাথে ঋণচুক্তি স্বাক্ষর করেন।

প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরুপ:

(১) Matarbari Port Development Project (E/S): কক্সবাজারের মাতারবাড়িতে একটি বাণিজ্যিক বন্দর নির্মাণের লক্ষ্যে পরামর্শক সেবার জন্য জাইকা কর্তৃক ২,৬৫৫ মিলিয়ন জাপানিজ ইয়েন ঋণ সহায়তা প্রদান করা হবে। প্রকল্পের মোট ব্যয় ৩,৫১১ মিলিয়ন জাপানিজ ইয়েন। জাইকার সহায়তা প্রকল্প ব্যয়ের ৭৫%।

(২) Jamuna Railway Bridge Construction Project (I): বিদ্যমান বঙ্গবন্ধু সেতুর সমান্তরালে একটি স্বতন্ত্র রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পটির মেয়াদকাল ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ৯,৭৩৪.০৭ কোটি টাকা, এর মধ্যে জাইকার সহায়তা ৭,৭২৪.৩৩ কোটি টাকা (৭৯%)।

(৩) Dhaka Mass Rapid Transit Development Project (Line 5) (E/S): ২০৩০ সালের মধ্যে হেমায়েতপুর- আমিনবাজার-গাবতলী-মিরপুর ১-মিরপুর ১০-কচুক্ষেত-ক্যান্টনমেন্ট-বনানী-গুলশান ২-নতুনবাজার-ভাটারা পর্যন্ত মোট ২০ কি:মি: মেট্রোরেল (লাইন-৫) নির্মাণের উদ্দেশ্যে পরামর্শক সেবার জন্য জাইকা কর্তৃক ৭,৩৫৮ মিলিয়ন জাপানিজ ইয়েন ঋণ সহায়তা প্রদান করা হবে। প্রকল্পের মোট ব্যয় ৯,৪৯৯ মিলিয়ন জাপানিজ ইয়েন। এর মধ্যে জাইকার সহায়তা মোট প্রকল্প ব্যয়ের ৭৭%।

(৪) Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) (III): ২০২৪ সালের মধ্যে ঢাকা উত্তরা-পল্লবী-মিরপুর ১০-খামার বাড়ি-ফার্মগেট-সোনারগাঁও হোটেল-শাহবাগ-দোয়েল চত্বর-তোপখানা রোড-বাংলাদেশ ব্যাংক পর্যন্ত মোট ২০.১০ কি:মি: মেট্রোরেল (লাইন-৬) নির্মাণ প্রকল্পের মেয়াদকাল জুন ২০২৪ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ২১,৯৮৫.০৭ কোটি টাকা, এর মধ্যে জাইকার সহায়তা ১৬,৫৯৪.৫৯ কোটি টাকা (৭৫%)।

(৫) Matarbari Ultra Super Critical Coal-Fired Power Project (IV): কক্সবাজার জেলার মহেশখালি উপজেলায় মাতারবাড়ি ১২০০ মেগাওয়াট (৬০০ মে:ও:×২ ইউনিট) আলট্রা সুপার ক্রিটিকাল কোল-ফায়ার্ড পাওয়ার প্ল্যান্ট স্থাপন প্রকল্পের মেয়াদকাল জুন ২০২৪ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ৩৫,৯৮৪.৪৬ কোটি টাকা, এর মধ্যে জাইকার সহায়তা ২৮,৯৩৯.০৩ কোটি টাকা (৮০%)।

(৬) Health Services Strengthening Project: এ প্রকল্পের আওতায় অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ এবং নগর স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নের জন্য জাইকা কর্তৃক ৬,৫৫৯ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ৫০১ কোটি টাকা) প্রদান করা হবে।

Dr. Sahida Akter
Economic Minister
Embassy of Bangladesh
Tokyo